রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুকুরের মূল্য, পতিতার পারিশ্রমিক ও গণকের টাকা থেকে নিষেধ করছেন।

আবূ মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুকুরের মূল্য, পতিতার পারিশ্রমিক ও গণকের টাকা থেকে নিষেধ করছেন।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হালাল রিযিক অন্বেষণ করার জন্য সম্মানিত, সম্ভান্ত ও পবিত্র অনেক পেশা রয়েছে খারাপ ও নিচু মানের অনেক পেশার বিপরীতে। যেহেতু প্রথম পদ্ধতিগুলো দ্বিতীয় পদ্ধতিগুলোর মোকাবেলায় যথেষ্ট, আবার দ্বিতীয় পদ্ধতিগুলোতে যে অনিষ্ট আছে সেটা তার উপকারের সামনে খুবই তুচ্ছ, তাই শরী‘আত খারাপ পদ্ধতিগুলো হারাম করে দিয়েছে, যার মধ্যে রয়েছে নিচের তিনটি : ১- কুকুর বেচা। কারণ, কুকুর খারাপ ও নাপাক। ২- একইভাবে পতিতার পতিতাবৃত্তির বিনিময়ে গৃহীত পারিশ্রমিক, যার দ্বারা তার দীন ও দুনিয়া উভয় নষ্ট হয়। ৩- আর অনুরূপভাবে মিথ্যুক ও পথভ্রষ্টদের গৃহীত অর্থ, যারা গায়েব জানার ও জগতে কর্তৃত্ব করার দাবী করে এবং তাদের বাতিল বিদ্যা দ্বারা মানুষকে প্রতারিত করে, যেন তাদের অর্থ নিতে সক্ষম হয়। অতঃপর সেগুলো অন্যায়ভাবে ভক্ষণ করে। এসব পন্থা হলো নিকৃষ্ট ও হারাম। এমন কাজ করা এবং এর বিনিময় নেওয়াও জায়েয নেই। আল্লাহ এগুলোর বদলে বৈধ সম্ভান্ত পন্থা প্রদান করেছেন।

https://sunnah.global/hadeeth/bn/show/6036